# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 28 May, 2025

মিরসরাই এসোসিয়েশন চট্টগ্রাম-এর কার্যনির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের যৌথ সভা মিরসরাই ভবনে অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৬ মে) রাতে সভার সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি মাহফুজুল হক মনি এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক তৌহিদ উদ দৌজা ভূঁইয়া।

সভায় বক্তব্য রাখেন উপদেষ্টা প্রফেসর কামাল উদ্দিন চৌধুরী, ভবন নির্মাণ কমিটির আহ্বায়ক এমডি এম মহিউদ্দিন চৌধুরী, উপদেষ্টা প্রফেসর সামস উদ দোহা, উপদেষ্টা এস. জোহা চৌধুরী, উপদেষ্টা কামরুল হাসান হারুন এবং উপদেষ্টা ড.কামাল উদ্দিন। সভায় উপদেষ্টা পরিষদ বেশ কয়েকটি প্রস্তাব উত্থাপন করেন, যার মধ্যে উল্লেখযোগ্য হলো গরিব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য মাসিক বৃত্তি চালু করা, মিরসরাইয়ে টেকনিক্যাল ইনস্টিটিউট স্থাপন, নিবন্ধিত সদস্য ও তাদের পরিবারের মধ্যে পূর্ণমিলনী আয়োজন, দাতা ও পৃষ্ঠপোষক সদস্যদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা, এসোসিয়েশনের কার্যক্রম বাস্তবায়নে আগ্রহী সদস্যদের নিয়ে বিভিন্ন সাব-কমিটি গঠন।

সভায় উপস্থিত ছিলেন, সিনিয়র সহ-সভাপতি এটিএম মন্জুরুল হক বাহার, সহ-সভাপতি মোঃ ইউনুছ ভূঁইয়া, যুগ্ম সম্পাদক ইঞ্জিনিয়ার হামিদুল হক, সাংগঠনিক সম্পাদক বেলায়েত হোসেন, দপ্তর সম্পাদক জামাল উদ্দিন, সমাজকল্যাণ সম্পাদক মানিক রতন শর্মা, প্রচার সম্পাদক মেহেদী হাসান চৌধুরী, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক এডভোকেট নুরুল করিম এরফান, সাংস্কৃতিক সম্পাদক মোফাজ্জল হোসেন, তথ্য ও পাঠাগার সম্পাদক ইঞ্জিনিয়ার

কামরুল আলম, কার্যনির্বাহী সদস্য আইয়ুব আলী ও ইঞ্জিনিয়ার শাহাদাত হোসেন।

সভায় অংশগ্রহণকারী সদস্যগণ সংগঠনের ভবিষ্যৎ দিকনির্দেশনা, কর্মকৌশল ও সম্প্রসারণ পরিকল্পনা নিয়ে মতবিনিময় করেন এবং এসোসিয়েশনের সার্বিক উন্নয়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

যৌথ সভা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:49

URL: https://www.timestodaybd.com/public/chittagong/3065775807